গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বন সংরক্ষকের কার্যালয়
বন অধিদপ্তর
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bforest.gov.bd

স্মারক নম্বর - ২২.০১.০০০০.০০৭.০৫.৩৯৪.২৫.১৫৩ তারিখ: ২৭ জানুয়ারি, ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (http://ccffd.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতনস্কেল (জাঃ বেঃ স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | ইঞ্জিন ড্রাইভার/ইঞ্জিনম্যান<br>(গ্রেড-১২)<br>১১,৩০০-২৭,৩০০/- | ১৩ (তেরো) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) দ্বিতীয় শ্রেণির ইঞ্জিন ড্রাইভার যোগ্যতা সনদ। |
| ২। | গাড়ী চালক<br>(গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/- | ২৫টি (পঁচিশ) টি | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স; এবং<br>(গ) হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শী। |
| ৩। | স্পিড বোট ড্রাইভার<br>(গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/- | ১৩ (তেরো) টি | (ক) (অ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(আ) স্পীড বোট ড্রাইভার হিসেবে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>(অ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(আ) স্পীড বোট অপারেটর সনদধারী। |
| ৪। | বন প্রহরী (গ্রেড-১৭)<br>৯,০০০- ২১,৮০০/- | ২৮৬ (দুইশত ছিয়াশি) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) উচ্চতা ১৬৩ সে. মি. ও বুকের মাপ ৭৬ সে. মি.। |

**নিয়োগ সংক্রান্ত শর্তাবলি**

**আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণীয় শর্তাবলি:**

(১) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করা হবে।
(২) সকল প্রার্থীর ক্ষেত্রে ০১/০১/২০২৫ খ্রি: তারিখে বয়স ১৮ (আঠার) হতে ৩২ (বত্রিশ) বছর এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।
(৩) লিখিত (প্রয়োজনে বাছাই পরীক্ষাসহ), মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
(৪) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।
(৫) এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।
(৬) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
(৭) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
(৮) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
(৯) আবেদনপত্র গ্রহণ ও পরীক্ষার ফি জমা দেওয়ার শুরুর তারিখ ও সময় ২৯/০১/২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকা।
(১০) আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় ০২/০৩/২০২৫ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা। সরাসরি/ডাকযোগে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
(১১) প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কোটা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ জারিকৃত সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে।
(১২) প্রার্থী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
(১৩) বর্ণিত পদে নিয়োগে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত (প্রয়োজনে বাছাই পরীক্ষাসহ), ব্যবহারিক/শারীরিক যোগ্যতা পরিমাপ (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক/শারীরিক যোগ্যতা পরিমাপ (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন এবং ব্যবহারিক/শারীরিক যোগ্যতা পরিমাপ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।
(১৪) মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) টি করে সত্যায়িত (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপি দাখিল করতে হবেঃ

(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;
(খ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের কপি;
(ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি;
(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে দ্বিতীয় শ্রেণির ইঞ্জিন ড্রাইভার যোগ্যতা সনদ/ড্রাইভিং লাইসেন্স/স্পিড বোট অপারেটরের সনদের কপি;
(চ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(ছ) সরকারি বা আধা-সরকারি সংস্থায় কর্মরতদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের NOC/প্রত্যয়ন পত্র;
(জ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

(১৫) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
(১৬) যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোন প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
(১৭) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে।
(১৮) নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
(১৯) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, যে কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন করা এবং যে কোন পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
(২০) নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত অন্যান্য শর্ত ও অনলাইনে আবেদনের নিয়মাবলী বন অধিদপ্তরের ওয়েব সাইট http://www.bforest.gov.bd এ পাওয়া যাবে।

## অনলাইনে আবেদনের নিয়মাবলি

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে **http://ccffd.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৯/০১/২০২৫, সকাল ১০:০০ টা।

ii) Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ০২/০৩/২০২৫, বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান :
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant`s কপিতে একটি USER ID নম্বর দেওয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ এর পদের জন্য ১৫০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- টাকাসহ সর্বমোট ১৬৮/- (একশত আটষট্টি ) টাকা এবং ক্রমিক নং ২ হতে ৩ এর পদের জন্য ১০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক নং ৪ এর পদের জন্য ৫০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- টাকাসহ সর্বমোট মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা এবং **সকল গ্রেডের অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) আবেদন ফি বাবদ ৫০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা** পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS :** CCFFD <space>USER ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **CCFFD ABCDEF**
Reply: Aplicant`s Name, TK 168/- or 112/- or 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type **CCFFD** <space> **YES**<space>**PIN** and Send to 16222

**দ্বিতীয় SMS:** CCFFD <space> **YES** <space> **PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **CCFFD YES 12345678**
Reply: Congratulation Aplicant`s Name, payment completed succesfully for **CCFFD** Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ccffd.teletalk.com.bd অথবা বন অধিদপ্তরের ওয়েব সাইট www.bforest.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) USER ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**i) USER ID জানা থাকলে:**
CCFFD <space> **Help** <space> **USER** <space> **USER ID** & Send to ১৬২২২ নম্বরে
Example: **CCFFD Help USER ABCDEF**

**ii) PIN Number জানা থাকলে:**
**CCFFD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to ১৬২২২ নম্বরে।
Example: **CCFFD Help PIN 12345678**

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বন অধিদপ্তরের ওয়েবসাইট www.bforest.gov.bd এবং http://ccffd.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bforest.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) Online এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোনো টেলিটক মোবাইল হতে ১২১ এ কল করুন। এছাড়াও টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: **CCFFD** Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

২৭/০১/২০২৫

(মোঃ তৌফিকুল ইসলাম)
সহকারী প্রধান বন সংরক্ষক (সংস্থাপন)
বন অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি